গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
টেলিযোগাযোগ অধিদপ্তর
মহাপরিচালকের কার্যালয়
প্রশাসন-১ শাখা
৪২৩-৪২৮ তেজগাঁও শিল্প এলাকা,
ঢাকা-১২০৮।
www.telecomdept.gov.bd

## টেলিযোগাযোগ অধিদপ্তরের জুলাই/২০২৪ মাসের সমন্বয় সভার কার্যবিবরনী

| | |
|---|---|
| সভাপতি | এ কে এম হাবিবুর রহমান<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ৩১ জুলাই ২০২৪ |
| সভার সময় | ১১.০০ ঘটিকা |
| স্থান | টেলিযোগাযোগ অধিদপ্তরের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' তে সন্নিবেশিত আছে |

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা এবং নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়-

**১) জুন/২০২৪ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ**

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|---|
| ১ | জুন/২০২৪ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়ীকরণ | ২৪/০৬/২০২৪ তারিখ তারিখ রোজ সোমবার বেলা ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত জুন/২০২৪ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী ডি নথিতে সংশ্লিষ্ট সকলের নিকট ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে।<br>উক্ত কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব না থাকলে কার্যবিবরণী দৃঢ়ীকরণ। | গত সমন্বয় সভার কার্যবিবরণীর কোন আপত্তি, সংশোধনী কিংবা সংযোজনী প্রস্তাব না থাকায় দৃঢ়ীকরণ করা যেতে পারে। | গত সমন্বয় সভার কার্যবিবরণীর উপর কোন আপত্তি, সংশোধনী কিংবা সংযোজনী প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হলো। |

**২) জুন/২০২৪ মাসের সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি**

| ক্র. | বিষয় | আলোচনা এবং গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | টেলিযোগাযোগ অধিদপ্তরে নতুন পদোন্নতি প্রাপ্ত কর্মচারিদের যোগদান | সভায় উপপরিচালক(প্রশাসন) জানান যে, টেলিযোগাযোগ অধিদপ্তরে সম্প্রতি বিভিন্ন গ্রেডে প্রায় ৫০০ কর্মচারী যোগদান করেছেন।পরিচালক (প্রশাসন) মহোদয় জানান কর্মচারীদের বিলোপযোগ্য পদে পদায়ন করা হয়েছে।তাদের মধ্যে কিছু কিছু কর্মচারীদের সংযুক্ত করা হয়েছে। বিলোপযোগ্য পদে পদায়িত কর্মচারীদের বিষয়ে বিশদ আলোচনা হয় । আলোচনার প্রেক্ষিতে মহাপরিচালক মহোদয় নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেন।<br>১)প্রতিটি পদে পদোন্নতি প্রাপ্ত কর্মচারীদের একটি তালিকা প্রস্তুত করা।<br>২)টেলিযোগাযোগ অধিপদপ্তরের কাজ সুচারুভাবে সম্পাদনের জন্য কোন কর্মচারীকে সংযুক্ত করার প্রয়োজন থাকলে তার চাহিদা নিরূপন করা।<br>৩)সম্পূর্ন পরিস্থিতি ব্যখ্যা করে ডাক ও টেলিযোগাযোগ বিভাগে পত্র প্রেরন করা ।<br><br>CTDR সেন্টারের পরিচালককে তার আওতাধীন দপ্তর চালানোর জন্য যদি লোক প্রয়োজন হয় তা জানানোর জন্য বলা হয়।<br><br>টেলিযোগাযোগ অধিদপ্তরের যে সব সহকারী প্রকৌশলী অন্য কোন সংস্থায় সংযুক্ত আছে, তাদের টেলিযোগাযোগ অধিদপ্তরে প্রত্যাবর্তনের জন্য ব্যবস্থা গ্রহন করার সিদ্ধান্ত হয়। | ডাক ও টেলিযোগাযোগ বিভাগে পত্র প্রদান করা হয়েছে।<br>ডাক ও টেলিযোগাযোগ বিভাগ হতে ১৪৭ জনের বিটিসিএল এ প্রেষণাদেশ হয়েছে | |
| ২ | প্রকল্প সংক্রান্ত | প্রকল্প পরিচালক, সাইবার থ্রেট ডিটেকশন এন্ড রেসপন্স ফেইজ-২ , প্রকল্পের সমাপ্তির তারিখ ৩০ জুন ২০২৪ নির্ধারিত ।<br>NAATRT প্রকল্পের সমীক্ষা প্রতিবেদন BUET জমা দিয়েছে। এছাড়া একটি ওয়ার্কশপ ২৬ জুলাই ২০২৪ তারিখে অনুষ্ঠিত হবে। প্রকল্প সমাপ্তির তারিখ ; ৩০ জুন ২০২৪<br>মহাপরিচালক প্রকল্পের কাজ নির্ধারিত মান ও সময়ে সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করেন। | ৩০ জুন প্রকল্প সমাপ্ত হয়েছে ।<br><br>৩০ জুন প্রকল্প সমাপ্ত হয়েছে । | |

**৩) জুলাই/২০২৪ মাসের আলোচ্যসূচির উপর আলোচনা ও সিদ্ধান্ত**

| ক্র. | বিষয় | আলোচ্য বিষয়ের সংক্ষিপ্ত বিবরণ | আলোচনা এবং গৃহিত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ১ | ভূমি সংক্রান্ত | টেলিযোগাযোগ অধিদপ্তরের অনুকুলে বরাদ্দপ্রাপ্ত ৫.৬৬ একর ভুমি, ইউটিলিটি ইত্যাদি বিষয় আলোচনা | সভায় উপপরিচালক (প্রশাসন) টেলিযোগযোগ অধিদপ্তরের অনুকুলে ডাক ও টেলিযোগাযোগ বিভাগ কর্তৃক বরাদ্দ হওয়ার পর অধিদপ্তর হতে গৃহীত পদক্ষেপ বর্ণনা করেন। ইউটিলিটি বিল সমূহ বিটিসিএল হতে টেলিযোগাযোগ অধিদপ্তরের নামে নাম পরিবর্তন করার জন্য পত্র প্রেরণের সিদ্ধান্ত হয়। অত্র কম্পাউন্ড যে সব প্রতিষ্ঠানকে ভাড়া প্রদান করা আছে তাদের সাথে যোগাযোগ করার জন্য মহাপরিচালক মহোদয় নির্দেশনা প্রদান করেন। অত্র কম্পাউন্ডের ইনভেন্টরী প্রলয়নের জন্য বিটিসিএলকে পুনরায় পত্র প্রদানের সিদ্ধান্ত হয়। | পরিচালক (প্রশাসন) |
| ২ | মামলা সংক্রান্ত | টেলিযোগাযোগ অধিদপ্তরের বিভাগীয়/ উচ্চ আদালতে চলমান মামলার বিষয়ে আলোচনা | উপপরিচালক(ফ্রিকোয়েন্সি মনিটরিং) টেলিযোগাযোগ অধিদপ্তরের চলমান মামলাসমূহের একটি প্রতিবেদন উপস্থাপন করেন। মহাপরিচালক মহোদয় মামলা সমূহ তদারকির মাধ্যমে দ্রুত নিষ্পত্তির তাগিদ প্রদান করেন। | উপপরিচালক (ফ্রিকোয়েন্সি মনিটরিং) |
| ৩ | ই-নথি সংক্রান্ত প্রতিবেদন | টেলিযোগাযোগ অধিদপ্তরের ই-নথি বিষয়ক প্রতিবেদন। | টেলিযোগাযোগ অধিদপ্তরের জুলাই/২০২৪ এর ডি নথি সংক্রান্ত প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয়। উপপরিচালক (আইসিটি পরিকল্পনা) সভাকে অবহিত করেন যে, জুন/২০২৪ মাসে অধিদপ্তরে ডি-নথির মাধ্যমে মোট নিষ্পন্ন ৩৭৫টি। অন্যদিকে হার্ডনথিতে নিষ্পন্ন হয়েছে ৪১টি নোট। ফলে ডি-নথি সিস্টেমে ডিওটির অর্জন ৯০.১৪%।মহাপরিচালক মহোদয় ডি-নথির মাধ্যমে নথি নিষ্পন্নের নির্দেশনা প্রদান করেন। | সকল কর্মকর্তা |
| ৪ | জাতীয় শোক দিবস পালন | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমানের ৪৯ তম শাহাদত বার্ষিকীতে(১৫ আগষ্ট) জাতীয় শোক দিবস ২০২৪ পালন বিষয়ে আলোচনা | ডাক ও টেলিযোগাযোগ বিভাগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৯ তম শাহাদত বার্ষিকীতে(১৫ আগষ্ট) জাতীয় শোক দিবস ২০২৪ পালন উপলক্ষ্যে অনুষ্ঠিত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরনী উপস্থাপন করা হয়। মহাপরিচালক মহোদয় ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সিদ্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য নির্দেশনা প্রদান করেন। | সকল কর্মকর্তা |

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষণা করেন।

৩১-০৭-২০২৪

এ কে এম হাবিবুর রহমান
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
+৮৮০-২-৯৮৩০৯১১(ফোন)
+৮৮০-২-৯৮৩০৯৮০(ফ্যাক্স)
dg@telecomdept.gov.bd

**নম্বর:** ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০

তারিখ: ১৬ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
৩১ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত মহাপরিচালক;
২। পরিচালক এবং
৩। উপপরিচালক।

এ কে এম হাবিবুর রহমান
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)